

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৭৬৮
সার্বুম, ১০ জুলাই ২০২৪

সার্বুম মহকুমায় প্রহরী ক্লাবের কর্মশালা

সার্বুম মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ পুরাতন টাউনহলে প্রহরী ক্লাবের এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রমা পোদ্দার দে, মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত, মহকুমা পুলিশ আধিকারিক নিত্যানন্দ সরকার, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট রাকেশ দাস প্রমুখ। উল্লেখ্য, সার্বুম মহকুমার প্রতিটি বিদ্যালয়ে ৪-৫ জন শিক্ষার্থীকে নিয়ে প্রহরী ক্লাব গঠন করা হয়েছে। প্রহরী ক্লাবের সদস্যরা মাদকমুক্ত সমাজ গড়তে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তৃণমূল স্তর থেকে মাদকমুক্ত সমাজ গড়তে প্রহরী ক্লাবের এই উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসার দাবি রাখে। কর্মশালায় অতিথিগণ ড্রাগ ব্যবহারের কুফল ও মাদকমুক্ত সমাজ গঠনে প্রহরী ক্লাবের ভূমিকা নিয়ে আলোচনা করেন।
